রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২১, ২০২২

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

### পটভূমি

দেশের অর্থনৈতিক নীতিমালায় দ্রুত কার্যকরী পরিবর্তনের প্রেক্ষাপটে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালের ১ অক্টোবর তারিখে "দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬" (১৯৭৬ সালের ৪০ নং অধ্যাদেশ) বলে প্রতিষ্ঠিত হয়। দেশের দ্রুত শিল্পায়নে এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে আইসিবির প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কোম্পানিসমূহের মূলধন স্বল্পতা পূরণে আইসিবি প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধি ও জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার প্রয়াসে আইসিবি অবিচ্ছেদ্য এবং নির্ভরযোগ্য ভূমিকা রাখে। দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবির ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার সাধিত হয়েছে। বর্তমানে কর্পোরেশন "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪" অনুযায়ী পরিচালিত হচ্ছে।



মূল্য ঃ টাকা ৩০·০০

<u>বার্ষিক প্রতিবেদনের প্রচ্ছদের মূল ভাব (স্লোগান)ঃ</u> **'We work hard in silence… Let success make the noise...'**

সাফল্যের পথ অনেক কঠিন যা স্বপ্নদর্শী পরিকল্পনা এবং সীমাহীন প্রচেষ্টার মাধ্যমে পার হতে হয়, আইসিবি সেটাই করে। আমাদের লক্ষ্য কী এবং আমরা কোথায় পৌঁছাতে চাই সে সম্পর্কে আমাদের একটি সুনির্দিষ্ট রূপকল্প রয়েছে। সে লক্ষ্যে পৌঁছাতে আমরা নীরবে কঠোর পরিশ্রম করি। ২০১০ সাল থেকে পুঁজিবাজারে বিরাজমান মন্দাবস্থা এবং দেশের আমানতকারীদের কাছ থেকে সরাসরি তহবিল সংগ্রহের কোন সুযোগ না থাকায় বছরের পর বছর মেয়াদী আমানত সংগ্রহের মাধ্যমে পুঁজিবাজারে আমাদের সমর্থন অব্যাহত রাখতে হয়েছে। এদিকে কোভিড-১৯ এর প্রভাবে ব্যবসা, অর্থনীতি এবং জীবনযাত্রা ব্যাহত হওয়ায় গোটা বিশ্ব বিগত দুই বছর ধরে অস্বাভাবিক সময় পার করছে। এ সকল কারণে গত দুই বছরে আমাদের মুনাফা হয়তো কিছুটা হ্রাস পেয়েছে, কিন্তু এতদসত্ত্বেও প্রতিষ্ঠালগ্ন হতে প্রতি বছরই আমরা পরিচালন মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছি। পাশাপাশি, আমরা আমাদের স্টেকহোল্ডারদের যথেষ্ট রিটার্ন প্রদান করেছি এবং প্রতি বছর আকর্ষণীয় হারে লভ্যাংশ প্রদান করেছি।

অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা অনুসারে, আমরা ২০১৯-২০ অর্থবছরে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করেছি এবং পরবর্তী সময়ে সেই কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিরলসভাবে কাজ করেছি। উক্ত কর্মপরিকল্পনার সঠিক বাস্তবায়নের মাধ্যমে ২০২০-২১ অর্থবছরে কর্পোরেশনের সামগ্রিক ব্যয় হ্রাস এবং আয় বৃদ্ধি আমাদের সাফল্যের নিদর্শন।

এ বছরও অসংখ্য নীরব উদ্যোগ আমাদের সাফল্যের নতুন দিগন্ত উন্মোচন করতে সাহায্য করেছে। উল্লেখযোগ্য উদ্যোগসমূহের মধ্যে রয়েছে **১১ই** মার্চ ২০২১ তারিখে "বাংলাদেশ ডাটা সেন্টার অ্যান্ড ডিজাস্টার রিকভারি সাইট লিমিটেড" গঠন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে "আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড" নামে একটি বিশেষ বে-মেয়াদি তহবিল গঠন, "সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান" বাস্তবায়ন যা অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক সেরা উদ্ভাবনী ধারণা হিসেবে পুরস্কৃত হয়েছে, অভ্যন্তরীণ বাজারে "আইসিবি ১ম মুদারাবা সুকুক" শিরোনামে শরিয়াহ ভিত্তিক বন্ড ইস্যু বিএসইসি-এর অনুমোদনে দেশের প্রথম অ্যাসেট-ব্যাকড ৩,০০০.০০ কোটি টাকার "বেক্সিমকো গ্রিন-সুকুক আল ইসতিসনা" কর্পোরেট ইসলামী বন্ড-এ ট্রাস্ট ফর্মে গঠিত এসপিভি (স্পেশাল পারপাস ভেহিকল) হিসেবে নিযুক্ত হওয়া। এছাড়াও, আমরা পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি দ্বারা পরিচালিত "ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড" প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছি।

বাংলাদেশ এখন বিনিয়োগের জন্য সবচেয়ে আকর্ষণীয় অঞ্চল হিসেবে পরিগণিত হচ্ছে। অতিমারির পূর্বে দেশীয় অর্থনীতি গত কয়েক বছরে গড়ে ৭ শতাংশের উপরে বৃদ্ধি পেয়েছে এবং আগামী বছরগুলোতে এ বৃদ্ধি ৮ শতাংশে উন্নীত করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। যেহেতু আইসিবি অর্থনৈতিক ও আর্থিক খাতে কার্যক্রম পরিচালনা করে থাকে, তাই এই অভূতপূর্ব প্রবৃদ্ধির সময় তার ব্যবসা সম্প্রসারণ পুরোপুরি অনুকূল অবস্থানে রয়েছে। অতীতের অভিজ্ঞতা হতে আমরা শিক্ষা গ্রহণ করেছি, আমরা সেই অভিজ্ঞতাগুলিকে আমাদের শক্তিতে রূপান্তরিত করেছি। এভাবেই বিভিন্ন পরিস্থিতির সাথে আমরা ভারসাম্য রক্ষা করতে শিখেছি এবং যে পরিকল্পনাগুলো অতীতে কার্যকর প্রতীয়মান হয়নি সেগুলোকে নিয়ে এগিয়ে যেতে শিখেছি। আমরা আমাদের সর্বোচ্চ প্রয়াস দিয়ে নতুন পণ্য এবং পরিষেবাগুলি প্রবর্তন করার প্রচেষ্টা চালিয়ে গিয়েছি, সম্প্রসারণের ক্ষেত্রগুলিকে চিহ্নিত করেছি এবং আমাদের রূপকল্প ও লক্ষ্যের সাথে সামঞ্জস্য রেখে ব্যবসায়িক কলা-কৌশল ও কার্যক্রম পরিচালনা করেছি। আমরা আমাদের কর্ম-কৌশলে বিনয়ী হয়েছি এবং আজ না হোক কাল আমরা আমাদের লক্ষ্যে পৌঁছাতে সফল হবো। সময় যা-ই লাগুক না কেন, আমরা জানি আমাদের সাফল্যের পথ আমরা খুঁজে নিতে পারব। তাই আমরা নির্দ্বিধায় বলতে পারি **“We work hard in silence… Let success make the noise”**

## Vision (রূপকল্প) ঃ

আইসিবির ভিশন হচ্ছে একটি নেতৃস্থানীয় দায়িত্বশীল এবং উদ্ভাবনী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে আমাদের বর্ধনশীল অর্থনীতিতে ভূমিকা রাখা এবং এর সুফল বন্টন করে নেওয়া।

## Mission (লক্ষ্য) ঃ

আইসিবির মিশন হচ্ছে পুঁজিবাজারে ভূমিকা রাখার মাধ্যমে কর্পোরেশনকে একটি দায়িত্বশীল প্রতিষ্ঠান, ফাইন্যান্সিয়াল আর্কিটেক্ট, উদ্ভাবনমূলক সমাধান প্রণেতা এবং পারফরমেন্স লিডার হিসেবে গড়ে তোলা।

- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন ২০১৪ অনুযায়ী আইনসৃষ্ট একটি দায়িত্বশীল প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধিকে ত্বরান্বিতকরণে কাজ করা;
- ফাইন্যান্সিয়াল আর্কিটেক্ট হিসেবে সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে শেয়ারহোল্ডারদের আশানুরূপ প্রবৃদ্ধির জন্য আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার লক্ষ্যে মূল্যবোধ, আচরণ, দৃষ্টিভঙ্গি ও প্রতিশ্রুতির আদর্শ স্থাপন করা;
- উদ্ভাবনমূলক সমাধান প্রণেতা হিসেবে অভ্যন্তরীণ সঞ্চয়সমূহকে সম্ভাবনাময় বিনিয়োগের ক্ষেত্রে পরিচালনায় সামগ্রিক পদক্ষেপ গ্রহণ করা;
- পারফরমেন্স লিডার হিসেবে আমাদের গ্রাহকদের স্বার্থে কার্য পরিচালনা করা, যাতে তারা আমাদের উপর আস্থাশীল এবং নির্ভরশীল হতে পারে এবং একটি নেতৃস্থানীয় প্রতিষ্ঠানের কর্মী হিসেবে ভবিষ্যতেও আমাদের সফলতা অব্যাহত রাখতে সর্বোচ্চ ভূমিকা রাখা।

**পরিচালনা বোর্ড ঃ**

**চেয়ারম্যান**

**ড. মোঃ কিসমাতুল আহসান**
অধ্যাপক
ফাইন্যান্স ডিপার্টমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়

**ব্যবস্থাপনা পরিচালক**

**মোঃ আবুল হোসেন**

**পরিচালকবৃন্দ**

**এ.বি.এম রুহুল আজাদ**
অতিরিক্ত সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জোয়ারদার ইসরাইল হোসেন**
নির্বাহী পরিচালক
বাংলাদেশ ব্যাংক

**কাজী আলমগীর**
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

**মোঃ আতাউর রহমান প্রধান**
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
সোনালী ব্যাংক লিমিটেড

**মোহম্মদ শামস্-উল ইসলাম**
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
অগ্রণী ব্যাংক লিমিটেড

**মোঃ আব্দুছ ছালাম আজাদ (এফ এফ)**
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
জনতা ব্যাংক লিমিটেড

**সৈয়দ শাহরিয়ার আহসান**
ব্যবস্থাপনা পরিচালক
সাধারণ বীমা কর্পোরেশন

**বোর্ড সচিব**

**মোঃ শরিকুল আনাম**
উপ-মহাব্যবস্থাপক

**উদ্দেশ্য ঃ**

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান;
- পুঁজিবাজার উন্নয়ন;
- সঞ্চয় সংগ্রহ; এবং
- প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান।

<u>ব্যবসায় সংক্রান্ত নীতি</u> ঃ

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থের প্রতি দৃষ্টি রেখে বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
- কারিগরি, আর্থিক ও বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান;
- এককভাবে অথবা ব্যাংকসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়ামের মাধ্যমে প্রকল্পে ইক্যুইটি ও দীর্ঘমেয়াদী অর্থায়নে ব্যবস্থা গ্রহণ;
- দেশে উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান;
- বিনিয়োগ বৈচিত্র্যকরণ;
- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- কৃষিভিত্তিক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাতে বিনিয়োগে উদ্বুদ্ধকরণ ও সম্প্রসারণ।

<u>কার্যাবলি</u> ঃ

- প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয় ও বিক্রয়;
- মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ডের প্লেসমেন্ট-এ অংশগ্রহণ;
- এককভাবে এবং সিন্ডিকেট গঠনের মাধ্যমে লিজ অর্থায়ন;
- বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা;
- আইসিবি ইউনিট ফান্ড ব্যবস্থাপনা;
- পোর্টফোলিও ব্যবস্থাপনা এবং সিকিউরিটিজ ক্রয় বিক্রয়ে অংশগ্রহণ;
- আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানি পরিচালিত মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান;
- ব্যাংক গ্যারান্টি প্রদান;
- ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে দায়িত্ব পালন;
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ;
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান;
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ;
- বাজার চাহিদা উপযোগী নতুন ব্যবসা উদ্ভাবন;
- ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন;
- মার্জার, একুইজিশন এবং অ্যাসেট পুনর্গঠন কার্যক্রমে সহায়তা প্রদান;
- ইক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ), অন্ট্র্যাপ্র্যানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) এবং সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ তহবিল ব্যবস্থাপনা;
- হোল্ডিং কোম্পানি হিসেবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম তত্ত্বাবধান;
- রাষ্ট্রমালিকানাধীন প্রতিষ্ঠানের শেয়ার অফলোড প্রক্রিয়ায় অংশগ্রহণ; এবং
- পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম।

**সাবসিডিয়ারি কোম্পানিসমূহ :**

❖ **আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড**

- ওপেন এন্ড মিউচ্যুয়াল ফান্ড ম্যানেজমেন্ট;
- ক্লোজড এন্ড মিউচ্যুয়াল ফান্ড ম্যানেজমেন্ট;
- সবচেয়ে নিরাপদ বিনিয়োগ সুবিধা এবং সুরক্ষিত লভ্যাংশ;
- অটো-ডেবিট প্রক্রিয়ার মাধ্যমে সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প-্যান (SIP) সুবিধা;
- একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত কর অব্যাহতি;
- ক্রমবর্ধমান বিনিয়োগ পরিকল্পনা (সিআইপি) সুবিধা;
- এসএমএস নোটিফিকেশন (যেমনঃ সার্টিফিকেট বিতরণ, ডিভিডেন্ড ইনফরমেশন, অটো-ডেবিট ফান্ড কালেকশন ইত্যাদি);
- ই-স্টেটমেন্ট সুবিধা (যেমনঃ গ্রাহকের লেজার স্টেটমেন্ট, পোর্টফোলিও স্টেটমেন্ট, এবং আয়কর সার্টিফিকেট, ইনভেস্টমেন্ট সার্টিফিকেট ইত্যাদি);
- বিভিন্ন ফান্ডে বিনিয়োগের সুযোগ;
- বিভিন্ন বিক্রয় এজেন্টের মাধ্যমে পরিষেবার সুবিধা প্রদান;
- শরীয়াহ এবং পেনশনভিত্তিক লাভজনক বিনিয়োগ।

❖ **আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড**

- ইস্যু ম্যানেজমেন্ট;
- আন্ডাররাইটিং;
- ট্রাস্টি এন্ড কাস্টডিয়ান;
- পোর্টফোলিও ম্যানেজমেন্ট;
- ইনভেস্টরস্ অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট (ইনভেস্টরস্ স্কিম);
- লিয়েন ব্যাংকিং এবং ইইএফ/ইএসএফ কনসালটেন্সি।

❖ **আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড**

**ব্রোকারেজ সার্ভিসঃ**

- ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক গ্রাহকের জন্য ডিএসই ও সিএসইতে লেনদেন সুবিধা;
- ডিএসই ও সিএসইতে অনিবাসি বাংলাদেশীদের জন্য লেনদেন সুবিধা;
- মার্জিন হিসাবের মাধ্যমে ঋণ সুবিধা প্রদান;
- ডিএসই ও সিএসইতে সরাসরি তালিকাভুক্ত কোম্পানির বিক্রয় প্রতিনিধি হিসেবে কাজ করা;
- সরকারি শেয়ার অফলোড;
- ডিএসই ও সিএসইতে 'ওটিসি' এবং 'এসএমই' প্লাটফর্মে-এ লেনদেন সুবিধা।

**ডিপোজিটরি পার্টিসিপেন্টঃ**

- বিও হিসাব খোলা এবং পরিচালনা;
- ক্লায়েন্ট কাস্টডিয়ান সার্ভিস ;
- বিও হিসাবের স্থিতি অনুসন্ধান;
- শেয়ার অজড়করণ এবং পুনঃজড়করণ;
- প্লেজিং, আন-প্লেজিং এবং কনফিসকেশন;
- কর্পোরেট ইভেন্টসমূহের ঘোষণার অনুসন্ধান;
- ফ্রিজ এন্ড সাসপেন্স;
- সিকিউরিটিজের ট্রান্সফার এবং ট্রান্সমিশন;
- ডিপোজিটরি পার্টিসিপেন্ট হিসেবে অন্যান্য সেবা।

<u>**পুরস্কার ও স্বীকৃতি**</u> **ঃ**

আইসিবি দেশের একটি লাভজনক রাষ্ট্রীয় মালিকানাধীন বিনিয়োগ প্রতিষ্ঠান এবং পুঁজিবাজারের জন্য একটি অপরিহার্য নন-ব্যাংকিং ফাইন্যান্সিয়াল প্রতিষ্ঠান হিসেবে পরিণত হয়েছে। বার্ষিক প্রতিবেদনে সার্বিক কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে উপস্থাপনের মাধ্যমে আইসিবি বিভিন্ন সময়ে দেশীয় ও আর্ন্তজাতিক পুরস্কারে ভূষিত হয়েছে, যার মধ্যে উলে-খযোগ্য হলো এসএএফএ, আইসিএমএবি ও আইসিএবি হতে প্রাপ্ত পুরস্কার।

**Award List:**

- 20th ICAB National Award for Best Presented Annual Report-2019
- 19th ICAB National Award for Best Presented Annual Reports-2018
- 18th ICAB National Award for Best Presented Annual Reports-2017
- 17th ICAB National Award Best Presented Annual Report-2016
- 14th ICAB National Award for Best Presented Annual Report-2013 in the Public Sector Entities
- 13th ICAB National Award for Best Presented Annual Report-2012 in the Public Sector Entities
- ICAB Award-2010 in the Public Sector Entities
- ICAB Award-2008 in the Public Sector Entities
- ICAB Award-2007 in the Public Sector Entities
- ICMAB Best Corporate Award-2015 Non Bank Financial Institutions
- ICMAB Best Corporate Award-2014 Non Bank Financial Institutions
- ICMAB Award of Excellence-2014 in Special Category
- ICMAB Award-2013 in the Public Sector Entities
- ICMAB Award-2012 in the Public Sector Entities
- ICMAB Best Corporate Award-2008 among the Non Banking Financial Institutions
- SAFA International Conference-2015
- The Majestic-5 Continents Award for Best Investment Bank Bangladesh-2013 from Paris Based OMAC
- Memento of Tax Card, 2019 Awarded by The National Board of Revenue
- Memento of Tax Card, 2018 Awarded by The National Board of Revenue
- World Finance Banking Award-2013 Best Private Bank for the Contribution in Private Sector Development

- World Finance Banking Award-2013 Best Investment Bank for the Contribution in Capital Market Development
- ICMAB Best Corporate Award-2013 in Special Category
- ICMAB Best Corporate Award-2012 in Others Category
- Best Presented Annual Report Awards & SAARC Anniversary Awards for Corporate Governance Disclosures-2012, Presented by SAFA
- Certificate for 13th ICAB National Award for Best Presented Annual Report-2012
- SAFA Best Presented Annual Report Awards-2018 1st Runner Up among the Public Sector Entities
- SAFA Best Presented Accounts Award-2017 among the Public Sector Entities
- Best Presented Annual Report Awards & SAARC Anniversary Award for Corporate Governance Disclosures-2019 Presented by SAFA
- Best Presented Annual Report Awards & SAARC Anniversary Awards for Corporate Governance Disclosures-2016 Presented by SAFA
- Best Presented Annual Report Awards & SAARC Anniversary Awards for Corporate Governance Disclosures-2013 Presented by SAFA
- SAFA Best Presented Accounts Award-2010 among the Public Sector Entities
- SAFA Best Presented Accounts Award-2008 among the Public Sector Entities

**মূলধন কাঠামো :**

(কোটি টাকায়)

| বিবরণ | আইসিবি | | | আইসিবি এবং এর সাবসিডিয়ারিসমূহ (সমন্বিত) | | |
|---|---|---|---|---|---|---|
| | ৩০ জুন তারিখে | | বৃদ্ধি/হ্রাস (%) | ৩০ জুন তারিখে | | বৃদ্ধি/হ্রাস (%) |
| | ২০২১ | ২০২০ | | ২০২১ | ২০২০ | |
| পরিশোধিত মূলধন | ৮০৫.৮২ | ৭৬৭.৪৪ | ৫ | ৮০৫.৮২ | ৭৬৭.৪৪ | ৫ |
| রিজার্ভ | ১৯৫৬.৭৫ | ১৯৭৪.৮৯ | (০.৯২) | ২৪০০.৫২ | ২৩৯৫.৩৫ | ০.২২ |
| অবন্টিত আয় | ১৩৬.০৫ | ৬২.০১ | ১১৯.৪০ | ৪৮৮.২৫ | ৪২৪.৫৬ | ১৫.০০ |
| শেয়ার প্রিমিয়াম | ৭৩৫.৬১ | ৭৭৩.৯৮ | (৪.৯৬) | ৭৩৫.৬১ | ৭৭৩.৯৮ | (৪.৯৬) |
| সর্বমোট | ৩৬৩৪.২৩ | ৩৫৭৮.৩২ | | ৪৪৩০.২০ | ৪৩৬১.৩৩ | |

**মূলধন :**

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১,০০০.০০ কোটি টাকা। ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত হিসাব অনুযায়ী আইসিবিতে পরিশোধিত মূলধনের পরিমাণ ৮০৫.৮২ কোটি টাকা, যা প্রতিটি ১০.০০ টাকা মূল্যমানের ৮০,৫৮,১৫,৫২৭টি সাধারণ শেয়ারে বিভক্ত। নিম্নে কর্পোরেশনের শেয়ার হোল্ডিং এর অবস্থান দেয়া হলো:

**Shareholding position as on 30 June 2021**

| Sl. No. | Shareholders | No. of shareholders | No. of shares | Percentage of shareholding |
|---|---|---|---|---|
| 1. | Government of the People's Republic of Bangladesh | 1 | 217,570,194 | 27.00 |
| 2. | State Owned Commercial Banks | 4 | 183,137,590 | 22.73 |
| 3. | Development Financial Institutions | 1 | 206,538,492 | 25.63 |
| 4. | State Owned Insurance Corporations | 2 | 99,563,440 | 12.36 |
| 5. | Denationalised Private Commercial Banks | 2 | 73,329,654 | 9.10 |
| 6. | Institutions | 259 | 3,920,462 | 0.48 |
| 7. | Private Banks | 5 | 66,030 | 0.01 |
| 8. | Mutual Funds | 14 | 10,400,983 | 1.29 |
| 9. | General Public | 5109 | 11,288,682 | 1.40 |
| | **Total** | **5397** | **805,815,527** | **100.00** |

**পরিচালন কার্যক্রম**

**পোর্টফোলিও ব্যবস্থাপনা :**

আইসিবির মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রমের মধ্যে পোর্টফোলিও ব্যবস্থাপনা অন্যতম। সেকেন্ডারি মার্কেটের বৈশিষ্ট্য অনুযায়ী দীর্ঘমেয়াদি বিনিয়োগ বিবেচনায় আইসিবি অত্যন্ত সফলতার সাথে পোর্টফোলিওসমূহের ব্যবস্থাপনা করে আসছে। এছাড়া, শীর্ষ প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী প্রতিষ্ঠান হিসেবে সক্রিয় পোর্টফোলিও ব্যবস্থাপনার মাধ্যমে আইসিবি দেশের পুঁজিবাজার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কর্পোরেশনের পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক সুপারিশকৃত বিনিয়োগ কৌশল অনুযায়ী স্বতন্ত্র ডিপার্টমেন্টের মাধ্যমে পোর্টফোলিও ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালিত হয়। একই সাথে পোর্টফোলিও ব্যবস্থাপনায় প্রতিষ্ঠানটির পেশাদারিত্ব অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে।

২০২০-২১ অর্থবছরে সেকেন্ডারি মার্কেটে আইসিবির মোট লেনদেনের পরিমাণ ২০,৭৯৪.৯৪ কোটি টাকা যা বিগত অর্থবছরের ৯,৬৬৪.৩৫ কোটি টাকার তুলনায় ১১৫.১৭ শতাংশ বেশি। একই সময়ে আইসিবির নিজস্ব পত্রকোষে ৮২২.৫২ কোটি টাকা মূলধনী মুনাফা অর্জিত হয় যা বিগত অর্থবছরে অর্জিত ৬২৫.৪৪ কোটি টাকার তুলনায় ৩১.৫১ শতাংশ বেশি।

৩০ জুন ২০২১ তারিখে আইসিবির বিনিয়োগ পোর্টফোলিওর মার্কেটেবল সিকিউরিটিজের ক্রয়মূল্য ১২,৯৭৮.৩৭ কোটি টাকার বিপরীতে বাজারমূল্য ছিল ১১,৪০৪.৭৩ কোটি টাকা অর্থাৎ ক্রয়মূল্যের তুলনায় বাজারমূল্য ১,৫৭৩.৬৪ কোটি টাকা কম ছিল।

**অন্যান্য বিনিয়োগ**

শিল্পায়নের গতিকে ত্বরান্বিত করার মাধ্যমে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা এবং দেশের সিকিউরিটিজ বাজারের সক্রিয়তা বজায় রাখার লক্ষ্যে আইসিবি বিভিন্ন কোম্পানিতে আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। এ লক্ষ্যে আইসিবি বহুমুখী কার্যক্রম গ্রহণ করেছে। পুঁজিবাজারকে সমৃদ্ধ করা এবং সম্ভাবনাময় শিল্পসমূহে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে আইসিবি এর সূচনালগ্ন হতে ১৯৯৭ সাল পর্যন্ত ব্রিজ ফাইন্যান্সিং প্রদান করেছে। আইসিবিতে অবলেখন কার্যক্রম ২০০২ সালে সাবসিডিয়ারি কোম্পানি গঠনের পূর্ব পর্যন্ত পরিচালিত হয়েছে। বর্তমানে সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করছে। পুঁজিবাজারের উন্নয়ন এবং শিল্পায়নের ক্ষেত্রে আইসিবির বর্তমান আর্থিক এবং অন্যান্য সহায়তা কার্যক্রমের মধ্যে রয়েছে প্রি-আইপিও প্লেসমেন্ট, প্রেফারেন্স শেয়ার ক্রয়, ডিবেঞ্চার ক্রয়, বন্ডে বিনিয়োগ, ইক্যুইটিতে সরাসরি অংশগ্রহণ, ইক্যুইটির বিপরীতে অগ্রিম, লিজ ফিন্যান্সিং এবং ব্যাংক গ্যারান্টি ইত্যাদি।

**আবেদন বিবেচনা :**

২০২০-২১ অর্থবছরে আর্থিক সহায়তার জন্য কোনো আবেদন পত্র জমা পড়েনি। ২০১৯-২০ অর্থবছর শেষে মোট বিবেচনাধীন আবেদনের সংখ্যা ছিল ০২টি। ফলে আইসিবির নিকট ২০২০-২১ অর্থবছরে প্রক্রিয়াধীন মোট আবেদনের সংখ্যা দাঁড়ায় ০২টি।

**অঙ্গীকার :**

২০২০-২১ অর্থবছরে আর্থিক সহায়তার জন্য আইসিবি হতে কোনো অঙ্গীকার করা হয়নি।

**প্রজেক্ট লোন পোর্টফোলিও :**

৩০ জুন ২০২১ তারিখে ৪০টি প্রকল্পের অনুকূলে বিতরণকৃত ঋণের স্থিতি দাঁড়িয়েছে ১,৮৬২.৮১ কোটি টাকা, যার মধ্যে আসল ১,৭৯৬.৩০ কোটি টাকা এবং সুদ ৬৬.৫১ কোটি টাকা। উক্ত প্রকল্পসমূহের মধ্যে শ্রেণিকৃত ঋণ/অগ্রিমের পরিমাণ ৯৯.৭০ কোটি টাকা, যার মধ্যে আসল ৮৪.৩৮ কোটি টাকা, সুদ ১৫.৩২ কোটি টাকা এবং শ্রেণিকৃত ঋণের হার ৫.৩৫ শতাংশ। এছাড়া, বাংলাদেশ ব্যাংকের জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০২ তারিখ ১৩ জানুয়ারি ২০০৩ এ বর্ণিত নীতিমালা অনুসারে ১২০টি এবং বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ ০৬ ফেব্রুয়ারি ২০১৯ এ বর্ণিত নীতিমালা অনুসারে ১১টি প্রকল্পের পাওনা বাবদ মোট ৫১৯.৭৯ কোটি টাকা অবলোপন করা হয়েছে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ১৩১টি প্রকল্পের মধ্যে ৩৭টি প্রকল্প আইসিবির সাথে তাদের সমুদয় ঋণ হিসাব অবসায়ন করেছে। অন্যদিকে অবলোপনকৃত ৫১৯.৭৯ কোটি টাকার মধ্যে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ৩৬.৩৫ কোটি টাকা আদায় হয়েছে এবং ১৬৪.৫৪ কোটি টাকা মওকুফ করা হয়েছে। ফলে আলোচ্য সার্কুলারের আলোকে অবলোপনকৃত ঋণের নিট স্থিতি দাঁড়িয়েছে ৩১৮.৯০ কোটি টাকা।

**ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালন ঃ**

বর্তমানে আইসিবি ২,৯৬৯.০৫ কোটি টাকা মূলধন বিশিষ্ট ২০টি মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড এবং ১,৮৬১.২১ কোটি টাকা মূলধন বিশিষ্ট ৪০টি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড এর দায়িত্ব পালন করছে। এছাড়া, বর্তমানে আইসিবি ৯০০.০০ কোটি টাকার ৩টি বন্ড ইস্যুর ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালন করছে।

**কাস্টডিয়ান হিসেবে দায়িত্ব পালন ঃ**

বর্তমানে আইসিবি ২,৮১৩.৭৪ কোটি টাকা মূলধন বিশিষ্ট ২২টি মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড এবং ৭,২৭৪.৭৪ কোটি টাকা মূলধন বিশিষ্ট ৩৬টি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড এর কাস্টডিয়ান হিসেবে দায়িত্ব পালন করছে।

**ইউনিট ফান্ড ও মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম স্কিম ঃ**

আইসিবি ইউনিট ফান্ড/মিউচ্যুয়াল ফান্ডসমূহ, আইসিবি এএমসিএল ইউনিট ফান্ডসমূহ এবং বাংলাদেশ ফান্ড সার্টিফিকেটের বিপরীতে এ স্কিমের অধীনে অগ্রিম প্রদান করা হয়। ২০২০-২১ অর্থবছরেও এ স্কিমের অধীনে ১৭.৮৮ কোটি টাকা অগ্রিম অর্থবছরে প্রদান করা হয়েছে যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১৫.৯২ কোটি টাকা। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ২০১.৯২ কোটি টাকা এবং উক্ত তারিখে প্রদত্ত অগ্রিমের নিট স্থিতি দাঁড়িয়েছে ৪২.১৫ কোটি টাকা। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত প্রদত্ত অগ্রিমের ১৮৩.৬৭ কোটি টাকা আদায় হয়েছে।

**আদায় ও পুনর্বাসন কার্যক্রম**

অন্যান্য বছরের ন্যায় আলোচ্য অর্থবছরেও আইসিবি অর্থায়িত বিভিন্ন প্রকল্প হতে মেয়াদোত্তীর্ণ বকেয়া আদায়ের ক্ষেত্রে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা হয়। সিকিউরিটিজে বিনিয়োগের উপর প্রাপ্য অনাদায়ী লভ্যাংশ/সুদ ও বিভিন্ন খাতে পাওনা ফি এবং কমিশন আদায়ের পাশাপাশি আলোচ্য অর্থবছরেও প্রকল্প ঋণ বিশেষত অবলোপনকৃত ঋণ আদায়ের উপর অধিকতর গুরুত্ব আরোপ করা হয়। ঋণ আদায় কার্যক্রম অধিকতর জোরদার করার জন্য কর্পোরেশনের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত "ঋণ আদায় অগ্রগতি সংক্রান্ত রিভিউ ও মনিটরিং কমিটি" প্রযোজ্য নীতিমালা অনুযায়ী ঋণ আদায়ের অগ্রগতি তদারকি করে। এছাড়া, মেয়াদোত্তীর্ণ বকেয়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাগণ কোম্পানি/উদ্যোক্তাগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে এবং আদায় কার্যক্রম সফল করার জন্য নিরলস প্রচেষ্টা অব্যাহত রাখে।

**লভ্যাংশ, ডিবেঞ্চারের সুদ এবং অন্যান্য আদায় ঃ**

আলোচ্য অর্থবছরে আইসিবির বিভিন্ন স্কিমে সর্বমোট ১,১৫৬.৪২ কোটি টাকা আদায় হয়েছে যা গত অর্থবছরের ৮৬৮.০৭ কোটি টাকার তুলনায় ৩৩.২২ শতাংশ বেশি। বিগত কয়েক বছরে কর্পোরেশনের সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টার ফলে বকেয়া পাওনার স্থিতি অনেকাংশে হ্রাস পেয়েছে।

**ব্রিজ ফাইন্যান্সিং হতে আদায় ঃ**

২০২০-২১ অর্থবছরে ব্রিজ ফাইন্যান্সিং বাবদ কোনো আদায় হয়নি যেখানে ২০১৯-২০ অর্থবছরে আদায় হয়েছিল ০.৭৮ কোটি টাকা।

**প্রকল্প পুনর্বাসন ঃ**

সরকারি নীতিমালার আলোকে নিষ্ক্রিয়/রুগ্ন প্রকল্প পুনর্বাসনে আইসিবি ২০২০-২১ অর্থবছরে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। আলোচ্য অর্থবছরে ১.৫৪ কোটি টাকা পরিশোধ করে একটি কোম্পানি ঋণ হিসাব নিষ্পত্তি করেছে। ২০১৯-২০ অর্থবছরে একটি কোম্পানি আইসিবির সমুদয় পাওনা হিসেবে ০.৭৮ কোটি টাকা পরিশোধ করে ঋণ হিসাব নিষ্পত্তি করেছিল।

**আইনগত ব্যবস্থা ঃ**

আইসিবি ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে "অর্থ ঋণ আদালত আইন, ২০০৩" (৩০ মার্চ ২০০৪ পর্যন্ত সংশোধিত) এর আওতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করেছে। অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় ২০২০-২১ অর্থবছরে দায়েরকৃত মামলাসমূহের মধ্য হতে ১৭টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং উক্ত আইনের আওতায় ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত কোম্পানিসমূহ কর্তৃক দায়-দেনা পরিশোধের প্রেক্ষিতে ১২০টি মামলা নিষ্পত্তি হয়েছে।

**মার্চেন্ডাইজিং কার্যক্রম**

আইসিবির মৌলিক কার্যক্রমের মধ্যে মার্চেন্ডাইজিং কার্যক্রম অন্যতম। মার্চেন্ডাইজিং কার্যক্রম তথা মিউচ্যুয়াল ফান্ড, ইউনিট ফান্ড এবং বিও/বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনার মাধ্যমে আইসিবি আলোচ্য অর্থবছরেও পুঁজিবাজারে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর আওতায় গঠিত আইসিবির দু'টি সাবসিডিয়ারি কোম্পানি; আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ যথাক্রমে মার্চেন্ট ব্যাংকিং এবং মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার জন্য ১ জুলাই ২০০২ তারিখ হতে স্ব স্ব ব্যবসা শুরু করে। সিএমডিপি সংস্কার কর্মসূচির আওতায় আইসিবি মার্চেন্ট ব্যাংকিং ও মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার নতুন কার্যক্রম বন্ধ রেখেছে। তবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কার্যক্রম শুরু করার পূর্বের ইনভেস্টরস্ স্কিম, ইউনিট ফান্ড পরিচালন কার্যক্রম আইসিবির ব্যবস্থাধীনে অব্যাহত রয়েছে।

**ইউনিট ফান্ড ঃ**

আইসিবি ইউনিট ফান্ড (একটি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড) ১০ এপ্রিল ১৯৮১ তারিখে বাজারজাত শুরু করে। ১ জুলাই ২০০২ থেকে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর ব্যবসায়িক কার্যক্রম শুরুর প্রেক্ষিতে আইসিবি ক্রমপুঞ্জিত বিনিয়োগ পরিকল্পনার (সিআইপি) আওতায় সার্টিফিকেট ইস্যু ব্যতীত ইউনিট সার্টিফিকেট বিক্রয় বন্ধ রেখেছে। তবে বিদ্যমান ইউনিট ফান্ড আইসিবির ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে।

২০২০-২১ অর্থবছরে ১৭.৫৪ কোটি টাকার ৬৭৭৯২৪টি ইউনিট পুনঃক্রয় করা হয় এবং সিআইপি এর আওতায় নগদ লভ্যাংশ প্রদানের পরিবর্তে ২৩৮.৩৭ কোটি টাকার ৯৩৪৮০১৪টি ইউনিট ইস্যু করা হয়েছে। ৩০ জুন ২০২১ তারিখে ক্রমপুঞ্জিত নিট ১,৮৯১.৬০ কোটি টাকার ১০৫৩৯২৫৬৬টি ইউনিট ইস্যুকৃত রয়েছে। ৩০ জুন ২০২১ তারিখে আইসিবি ইউনিট সার্টিফিকেটধারীর সংখ্যা ছিল ২৮৭৯৪ জন, যাদের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীর সংখ্যা বেশি। ২০২০-২১ অর্থবছরে আইসিবি ইউনিট ফান্ডের পোর্টফোলিওতে ১,৫৭৯.৩৮ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। ৩০ জুন ২০২১তারিখে ইউনিট ফান্ডের পোর্টফোলিওতে নিট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৩৮৫৬.৬১ কোটি টাকা যার বাজারমূল্য ছিল ৫৩৫২.৬৯ কোটি টাকা।

২০২০-২১ অর্থবছরে লভ্যাংশ আয়, ডিবেঞ্চার সিকিউরিটিজের উপর সুদ, মূলধনী মুনাফা, ব্যাংক আমানতের উপর সুদ ও অন্যান্য খাত হতে ইউনিট ফান্ড মোট ৬০৬.৫২ কোটি টাকা আয় করেছে। এ আয় হতে ব্যবস্থাপনা ফি, কাস্টডিয়ান ফি, কমিশন, অডিট ফি, ডাক, মুদ্রণ ও স্টেশনারি ইত্যাদি খাতে ব্যয়িত মোট ৪৯.৬৭ কোটি টাকা বাদ দেয়ার পর ফান্ডের সংস্থান পূর্ববর্তী নিট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৫৫৬.৮৪ কোটি টাকা। চলতি অর্থবছরে সংস্থান বাবদ ৬২.০০ কোটি টাকা সংরক্ষণ করা হয়েছে। ফলে উক্ত ফান্ডের নিট আয়ের পরিমাণ দাঁড়ায় ৪৯৪.৮৪ কোটি টাকা। ৩০ জুন ২০২১ তারিখ ইউনিট প্রতি মুনাফা দাঁড়ায় ৪৬.৯৫ টাকা। ২০২০-২১ অর্থবছরে এ ফান্ড ইউনিট প্রতি ৪২.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করেছে যা ২০১৯-২০ অর্থবছরের ঘোষিত লভ্যাংশ ৪০.০০ টাকার তুলনায় ৫ শতাংশ বেশি।

**ইনভেস্টরস্ স্কিম ঃ**

পুঁজিবাজার উন্নয়ন এবং বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণের লক্ষ্যে আইসিবি প্রতিষ্ঠার অব্যবহিত পরেই ১৯৭৭ সালে চালু হয় আইসিবি ইনভেস্টরস্ স্কিম। কৌশলগত কারণে আইসিবি নতুন বিনিয়োগ হিসাব খোলা বন্ধ রাখলেও আইসিবির সাবসিডিয়ারি কোম্পানি আইসিএমএল ১ জুলাই ২০০২ তারিখ হতে বিনিয়োগ হিসাব খোলা ও পরিচালনা করে আসছে। সে প্রেক্ষিতে আইসিবি তার বিদ্যমান বিনিয়োগ হিসাবসমূহ পরিচালনা অব্যাহত রেখেছে। আইসিবির প্রধান কার্যালয় ছাড়াও ঢাকার স্থানীয় কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট এবং বগুড়ায় অবস্থিত ৭টি শাখা অফিসের মাধ্যমে বিনিয়োগ হিসাবসমূহ পরিচালিত হচ্ছে। ৩০ জুন ২০২১ তারিখে এ স্কিমের অধীন হিসাবের সংখ্যা ৩৬,৮৪৮।

আইসিবির ইনভেস্টরস্ স্কিমের আওতায় পরিচালিত বিনিয়োগ হিসাবসমূহে বিএসইসি এর বিধি অনুযায়ী মার্জিন ঋণ প্রদান করা হয়। এক্ষেত্রে বিনিয়োগ নিরাপত্তা, সিকিউরিটির মৌলিক বিষয়, সিকিউরিটির তারল্য, যুক্তিসঙ্গত আয়, মূলধন প্রবৃদ্ধি, ঝুঁকির উপাদানসমূহ এবং করারোপের প্রভাব বিবেচনা করা হয়।

ইনভেস্টরস্ স্কিমের অধীনে আলোচ্য অর্থবছরে সিকিউরিটিজের লেনদেন গত অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। ২০২০-২১ অর্থবছরে এ স্কিমের অধীনে ৪৫৭.২২ কোটি টাকার সিকিউরিটিজ লেনদেন হয়েছে। উক্ত লেনদেনের মধ্যে সেকেন্ডারি মার্কেটে লেনদেনের পরিমাণ ছিল ৪৫৩.৮৭ কোটি টাকা এবং প্রাইমারি মার্কেটে বিনিয়োগের পরিমাণ ছিল ৩.৩৫ কোটি টাকা। উল্লেখ্য, ২০১৯-২০ অর্থবছরে ইনভেস্টরস্ স্কিমের অধীনে ১১০.০১ কোটি টাকার সিকিউরিটিজ লেনদেন হয়েছিল যার মধ্যে সেকেন্ডারি মার্কেটে লেনদেনের পরিমাণ ছিল ১০৯.৭৫ কোটি টাকা এবং প্রাইমারি মার্কেটে বিনিয়োগের পরিমাণ ছিল ০.২৬ কোটি টাকা।

**ইক্যুইটি অ্যান্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ)**

ঝুঁকিপূর্ণ অথচ সম্ভাবনাময় কৃষিভিত্তিক ও তথ্য প্রযুক্তি খাতের শিল্পকে সহায়তাকরণের উদ্দেশ্যে ২০০০-০১ অর্থবছরে বাজেট বরাদ্দের মধ্য দিয়ে বাংলাদেশ ব্যাংক এর তত্ত্বাবধানে ইক্যুইটি ডেভেলপমেন্ট ফান্ড (ইডিএফ) এর যাত্রা শুরু হয়। পরবর্তীতে এ তহবিলের নাম পরিবর্তন করে ইক্যুইটি অ্যান্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) করা হয়। খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কৃষিভিত্তিক শিল্প ও আইসিটি খাতে বিনিয়োগের মাধ্যমে এসব খাতের উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টি তথা দেশের আর্থ সামাজিক উন্নয়ন ইইএফ এর মূল লক্ষ্য। প্রারম্ভিক পর্যায়ে বাংলাদেশ ব্যাংকের উপর ফান্ডটির ব্যবস্থাপনার দায়িত্ব অর্পণ করা হয়। পরবর্তীতে ১ জুন ২০০৯ তারিখে বাংলাদেশ ব্যাংক ও আইসিবির মধ্যে একটি সাব-এজেন্সি চুক্তি স্বাক্ষরের মাধ্যমে উক্ত ফান্ডের অপারেশনাল কাজের ব্যবস্থাপনা আইসিবির উপর অর্পিত হয়।

**মঞ্জুরি ঃ**

ইইএফ এর পরিবর্তে সরকার কর্তৃক ২০১৮ সালে সহনীয় মাত্রার সরল সুদহার সংবলিত নতুন ঋণ মডেল অন্ট্র্যাপ্র্যানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) প্রবর্তিত হওয়ায় ইইএফ হতে মঞ্জুরি প্রদান বন্ধ রয়েছে।

**বিতরণ ঃ**

আইসিবি ২০২০-২১ অর্থবছরে ইইএফ হতে কৃষি খাতের নতুন ০৬টি প্রকল্প এবং পূর্ববর্তী প্রকল্পসমূহসহ মোট ১৬টি (কৃষি খাতভুক্ত ১৫টি এবং আইসিটি খাতভুক্ত ০১টি) প্রকল্পে সর্বমোট ৭.৪০ কোটি টাকা (কৃষি খাতে ৬.৯১ কোটি টাকা ও আইসিটি খাতে ০.৪৯ কোটি টাকা) বিতরণ করেছে। গত অর্থবছরে সর্বমোট ৪২টি প্রকল্পে (নতুন প্রকল্প ০৮টি) মোট ২৩.৩৮ কোটি টাকা (কৃষি খাতে ২১.৬৯ কোটি ও আইসিটি খাতে ১.৬৯ কোটি টাকা) বিতরণ করা হয়েছিল। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক ও আইসিবি সম্মিলিতভাবে কৃষি খাতে ৯২৯টি এবং আইসিটি খাতে ১০৪টি সহ সর্বমোট ১০৩৩টি প্রকল্পে ১,৬১৫.৩৩ কোটি টাকা (কৃষি খাতে ১,৪৮১.৪১ কোটি ও আইসিটি খাতে ১৩৩.৯২ কোটি টাকা) বিতরণ করেছে যার মধ্যে বাংলাদেশ ব্যাংক ৫৬০.০৬ কোটি টাকা (কৃষি খাতে ৫১৩.৬৬ কোটি ও আইসিটি খাতে ৪৬.৪০ কোটি টাকা) এবং আইসিবি ১,০৫৫.২৭ কোটি টাকা (কৃষি খাতে ৯৬৭.৭৫ কোটি ও আইসিটি খাতে ৮৭.৫২ কোটি টাকা) বিতরণ করেছে। এ পর্যন্ত কৃষি, মৎস্য ও দুগ্ধ খাতে সর্বমোট ৯২৯টি প্রকল্পে ১,৪৮১.৪১ কোটি টাকা বিতরণ করা হয়েছে, যার মধ্যে সর্বোচ্চ মৎস্য খাতে ৫৪৫টি প্রকল্পে ৬১৯.৬৭ কোটি টাকা (মোটের তুলনায় ৪১.৮৩%) এবং দুগ্ধ খাতে ১৯০টি প্রকল্পে ২১৩.২৮ কোটি টাকা (মোটের তুলনায় ১৪.৪০%) বিতরণ করা হয়েছে। ফলে মোট বিতরণকৃত অর্থের ৫৬.২৩% মৎস্য ও দুগ্ধ খাতে বিতরণ করা হয়েছে। উল্লেখ্য যে, ২০১৩ সাল হতে দুগ্ধ খাতে অর্থ বিতরণ শুরু হয়েছে।

**অন্ট্র্যাপ্র্যানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ)**

খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কৃষিভিত্তিক শিল্প ও আইসিটি খাতে বিনিয়োগের মাধ্যমে এসব খাতের উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টি তথা দেশের আর্থ সামাজিক উন্নয়নে অধিকতর সুফল প্রাপ্তির লক্ষ্যে সরকারের জনহিতকর ইইএফ প্রকল্পটি বিকল্প ব্যবস্থাপনায় পরিচালনের উদ্যোগ গৃহীত হয়। বাস্তবতার নিরীখে সরকারের এই মহতী উদ্যোগ পরিচালনের ক্ষেত্রে ইক্যুইটি মডেলের পরিবর্তে সহনীয় মাত্রার সরল সুদহার সংবলিত ঋণ মডেল প্রবর্তিত হয় যা (ESF) Entrepreneurship Support Fund নামে পরিচিত। এ প্রেক্ষিতে Entrepreneurship Support Fund (ESF) সংক্রান্ত খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি প্রকল্প সংশ্লিষ্ট নীতিমালা, ২০১৮ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৪ জুন ২০১৮ তারিখে অনুমোদিত হয়েছে। অন্ট্র্যাপ্র্যানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) এর আওতায় Expression of Interest (EOI) ফরম যথাযথভাবে পূরণ করে খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক খাতে প্রকল্প গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ইইএফ ইউনিট-এ এবং আইসিটি খাতে প্রকল্প গ্রহণের লক্ষ্যে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ইইএফ উইং-এ জমা দিতে হবে।

**ইএসএফ হতে মঞ্জুরি :**

২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের ইইএফ ইউনিট কর্তৃক খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক খাতে মোট ৭৭৭টি Expression of Interest (EOI) আবেদন গ্রহণ করে আইসিবির ইইএফ উইং এ প্রেরণ করা হয়েছে। উক্ত আবেদন হতে ESF কৃষি বিষয়ক প্রকল্প মূল্যায়ন কমিটির (PAC) সভায় উপস্থাপন করা হলে উক্ত সভা ৮৫টি আবেদন শর্টলিস্টভুক্ত করে। ২০২০-২১ অর্থবছরে ESF এর অনুকূলে ৪৪টি প্রকল্পে মোট ৮২.৮৫ কোটি টাকা মঞ্জুরি প্রদান করা হয়েছে।

**রিস্ক ম্যানেজমেন্ট এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ**


একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হিসেবে জাতীয় স্বার্থ, আইনগত বাধ্যবাধকতা ও স্টেকহোল্ডারদের চাহিদা সমন্বয় করে আইসিবি ব্যবসায়িক কৌশল নির্ধারণ করে। কর্পোরেশনের ঝুঁকি ব্যবস্থাপনার মূলে রয়েছে ব্যবসায়িক সততা নিশ্চিতকরণ। পরিচালনা বোর্ডের দূরদর্শিতা এবং বোর্ড রিস্ক ম্যানেজমেন্ট কমিটির ঝুঁকি সহিষ্ণুতা নির্ণয়ে সুপরামর্শের ভিত্তিতে কর্পোরেশনের ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামোর সূচনা হয়। পরিচালনা বোর্ড কর্পোরেশনের ঝুঁকি সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বোর্ডের ০৫ (পাঁচ) জন সদস্যের সমন্বয়ে গঠিত বোর্ড রিস্ক ম্যানেজমেন্ট কমিটির উপর নিম্নোক্ত কার্যভার অর্পণ করেছে ঃ

- ঝুঁকি নির্ধারণ ও নিয়ন্ত্রণ কৌশল নিরূপণ;
- ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো প্রস্তুতকরণ;
- সার্বিক ঝুঁকি ব্যবস্থাপনা নীতির বাস্তবায়ন তত্ত্বাবধান;
- ঝুঁকি ব্যবস্থাপনা নীতি পর্যালোচনা;
- তথ্যাদি সংরক্ষণ ও রিপোর্টিং পদ্ধতি উন্নয়ন।

কর্পোরেশনের ১১ (এগারো) জন উচ্চপদস্থ কর্মকর্তার সমন্বয়ে ব্যবস্থাপনা পর্যায়ে রিস্ক ম্যানেজমেন্ট কমিটি গঠিত, যার সভাপতির দায়িত্বে রয়েছেন উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্যের মধ্যে বাজেট এন্ড রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের প্রধান কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। রিস্ক ম্যানেজমেন্ট কমিটির অত্যাবশ্যকীয় কার্যাবলীসমূহ নিম্নরূপ:

- রিস্ক প্রোফাইল চিহ্নিতকরণ, তদারকিকরণ এবং পরিমাপকরণ;
- ঝুঁকি ব্যবস্থাপনা, পরিপালন এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পরিচালন কার্যকারিতা সম্পর্কে কর্তৃপক্ষকে সুপারিশ প্রদান;
- কর্পোরেশনের প্রকৃত ঝুঁকিসমূহ নিরসনের লক্ষ্যে কৌশলগত পরিকল্পনাসমূহ পর্যালোচনাকরণ;
- ঝুঁকি সচেতনতা সংস্কৃতি গড়ে তোলা।

নির্বাহী পর্যায়ে বিভিন্ন ব্যবস্থাপনা কমিটির (যেমন: পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি, প্রজেক্ট অ্যাপ্রাইজাল কমিটি, অ্যাসেট লায়াবিলিটি ম্যানেজমেন্ট কমিটি, বাজেট ব্যবস্থাপনা কমিটি, কোয়ালিটি কন্ট্রোল কমিটি, কস্ট কন্ট্রোল এন্ড কস্ট রিডাকশন কমিটি, ম্যানেজমেন্ট কো-অর্ডিনেশন কমিটি) সহায়তায় রিস্ক ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক ঝুঁকিসমূহ পর্যালোচনা করা হয়ে থাকে। আইসিবির ঝুঁকি ব্যবস্থাপনা অবকাঠামো নিম্নবর্ণিত তিন ধাপের প্রতিরক্ষামূলক মডেল দ্বারা উপস্থাপন করা যেতে পারে—



<u>মানবসম্পদ রূপায়ন</u>

**আইসিবির মানবসম্পদ ভিশন :**

পুঁজিবাজারের অন্যতম শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান হিসেবে আইসিবি ব্যবসায়িক অভীষ্ট লক্ষ্যসমূহ অর্জনের জন্য অভ্যন্তরীণ মানবসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা পদ্ধতির ওপর সবসময়ই আলোকপাত করে আসছে। আইসিবি বিশ্বাস করে যে, প্রতিষ্ঠানের সামগ্রিক সাংগঠনিক ভিশন, লক্ষ্য, মান এবং উদ্দেশ্য এর সাথে সংগতি রেখে মানবসম্পদের উন্নয়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে আইসিবি মুনাফা অর্জন ও বর্ধন, মার্কেট শেয়ার বৃদ্ধি এবং প্রতিষ্ঠানের ভাবমূর্তি উন্নতিকরণের পরিকল্পনার ভিত্তিতে মানবসম্পদের সর্বাধিক দক্ষতা ও পেশাদারিত্ব বৃদ্ধিকল্পে এবং প্রাতিষ্ঠানিক কমপ্লায়েন্স কালচার, নৈতিকতা ও শুদ্ধাচার, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া উন্নয়নের মাধ্যমে সাংগঠনিক কাঠামোতে বিভিন্ন পরিবর্তন এনেছে। আইসিবি'র মানবসম্পদ ব্যবস্থাপনা যেসব বিষয়ে গুরুত্ব আরোপ করে:

- মানবসম্পদের মাধ্যমে কৌশলগত লক্ষ্য অর্জনে সহায়তা করা;
- আইসিবির উদ্দেশ্য এবং নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন প্রশিক্ষণ প্রোগ্রামসমূহকে একীভূত করা;
- ভবিষ্যতের প্রয়োজন অনুমান করে প্রতিভা বিকাশের মাধ্যমে মানবসম্পদের বিকাশকারী হিসাবে কাজ করা;
- প্রতিষ্ঠানের মুনাফার লক্ষ্য অর্জনে অবদান রাখা;
- দক্ষ জনশক্তি তৈরি করা;
- কর্মচারীদের স্থায়িত্ব বৃদ্ধি করা;
- মানবসম্পদের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করা;
- দক্ষ ও কার্যকর উপায়ে ব্যয় হ্রাস করে সাংগঠনিক লক্ষ্য অর্জন করা; এবং
- কার্যসম্পাদনের উপযুক্ত পরিবেশ তৈরী করা।

**আইসিবির কৌশলগত মানবসম্পদ পরিকল্পনা:**

কৌশলগত মানবসম্পদ পরিকল্পনা মানবসম্পদ ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ উপাদান। কৌশলগত মানবসম্পদ পরিকল্পনা প্রতিষ্ঠানের সামগ্রিক কৌশলগত লক্ষ্য অর্জনে সচেষ্ট থাকে। আইসিবির কৌশলগত মানবসম্পদ পরিকল্পনা নিম্নোক্ত চারটি ধাপ অনুসরণ করে থাকে:

ক) মানবসম্পদের বর্তমান অবস্থা নির্ধারণ;

খ) জনশক্তির চাহিদা নিরূপণ;

গ) প্রতিভা ব্যবস্থাপনার জন্য গ্যাপ বিশ্লেষণ ; এবং

ঘ) সঠিক পর্যালোচনা এবং মূল্যায়নের মাধ্যমে মানবসম্পদ কৌশল উন্নয়ন।

**নিয়োগ ও জনবল:**

আইসিবির রয়েছে সম্পূর্ণ স্বচ্ছ ও আধুনিক নিয়োগ পদ্ধতি যা সুষ্ঠু প্রক্রিয়ায় বাস্তবায়িত হয়। সরাসরি নিয়োগের ক্ষেত্রে মেধাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। পর্যালোচনাধীন বছরে কর্পোরেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন এবং গতিশীলতা আনয়নের লক্ষ্যে ২৩ জন কর্মকর্তা ও ০৪ জন কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়েছে। ৩০ জুন ২০২১ তারিখে কর্পোরেশনে মোট জনবলের সংখ্যা ৬৬৮ জন যা পূর্ববর্তী অর্থবছরের একই তারিখে ছিল ৬৬৩ জন। ৬৬৮ জনের মধ্যে কর্মকর্তা ৪৭৮ জন এবং কর্মচারী ১৯০ জন। মোট জনবলের মধ্যে ৯৮ জন নারী যা মোট জনবলের ১৪.৬৭ শতাংশ, তন্মধ্যে ৮১ জন কর্মকর্তা পর্যায়ে কর্মরত।

**প্রশিক্ষণ ও উন্নয়ন:**

প্রশিক্ষণ হচ্ছে মানবসম্পদ উন্নয়নের পরীক্ষিত হাতিয়ার। প্রতিযোগিতামূলক বিশ্বায়নের এ যুগে টিকে থাকতে হলে প্রশিক্ষিত মানব সম্পদের গুরুত্ব অপরিসীম। সারা বছর ধরে ধারাবাহিকভাবে প্রশিক্ষণের মাধ্যমে কর্মচারীদের জ্ঞান, কর্মদক্ষতা ও পেশাগত দক্ষতা বৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে আইসিবি প্রশিক্ষণ কেন্দ্র ও হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করে থাকে এবং সে আলোকে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। কোভিড-১৯ মহামারীর প্রাদুর্ভাবের কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতকল্পে আইসিবি অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করছে। আইসিবি প্রশিক্ষণ কেন্দ্র এবং অন্যান্য প্রতিষ্ঠানে ২০২০-২১ অর্থবছরে আয়োজিত ৪৬টি প্রশিক্ষণ ও কর্মশালায় সর্বমোট ১৩৬৫ সংখ্যক কর্মচারী অংশগ্রহণ করেছেন।

**<u>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবস্থাপনা</u>**

বিশ্বব্যাপী করোনাভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োগ ও ব্যবহার সর্বক্ষেত্রেই বৃদ্ধি পাচ্ছে। অতিমারির এই সময়ে অফিস কার্যক্রম, প্রশিক্ষণ, সভাসহ অধিকাংশ ক্ষেত্রেই আমরা তথ্য প্রযুক্তির উপর নির্ভরশীল হয়ে পড়েছি। কর্পোরেশনের দৈনন্দিন কাজে তথ্য প্রযুক্তি ব্যবহারের প্রয়োজনীয়তা অনেক আগে থেকেই আইসিবি অনুধাবন করেছে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। কর্পোরেশনের ব্যবসায়িক পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন সময়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবস্থাপনায় পরিবর্তন ও পরিবর্ধন আনয়ন করা হয়েছে।

**আইসিটি কাঠামো:**

বর্তমানে একজন মহাব্যবস্থাপকের অধীনে ২টি ডিভিশন (হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশন এবং সফট্ওয়্যার ডিভিশন) এর আওতাধীন ৪টি ডিপার্টমেন্টের সমন্বয়ে কর্পোরেশনের আইসিটি কাঠামো গড়ে তোলা হয়েছে। সংশ্লিষ্ট ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন জনবল নিয়োগ ও প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে হালনাগাদ তথ্য প্রযুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ জনবল গড়ে তোলা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ সরকারের প্রত্যয়ের সাথে একাত্মতা দেখিয়ে কর্পোরেশনের আইসিটি খাতে উন্নয়নে বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

**সফট্‌ওয়্যার ও হার্ডওয়্যার উন্নয়নঃ**

আইসিবির বেশিরভাগ কর্মকাণ্ড সফট্‌ওয়্যারের সহায়তায় পরিচালিত হয়ে থাকে। আইসিবির নিজস্ব আইটি জনবল দ্বারা নিয়মিতভাবে প্রয়োজনীয় নতুন নতুন সফট্‌ওয়্যার উন্নয়ন এবং ইতোমধ্যে উন্নয়নকৃত সফট্‌ওয়্যারসমূহকে হালনাগাদ করা হচ্ছে। এছাড়া, আইসিবির প্রধান কার্যালয় এবং শাখাসমূহে ব্যবহৃত কয়েকটি মডিউলকে সেন্ট্রাল ডাটাবেজের আওতায় আনয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পর্যায়ক্রমে সকল মডিউলকে সেন্ট্রাল ডাটাবেজের আওতায় আনা হবে।আইসিবির বিদ্যমান সফট্‌ওয়্যারসমূহের আপগ্রেডেশন এবং সফট্‌ওয়্যারগুলোকে একটি সেন্ট্রালাইজড ওয়েবভিত্তিক প্লাটফর্মে নিয়ে আসার পরিকল্পনা রয়েছে। এক্ষেত্রে প্রযুক্তিগত উন্নয়ন ও সেবার পরিধি বিস্তৃত করে গ্রাহকদের সন্তুষ্টি অর্জন করার লক্ষ্যে বিদ্যমান ডেস্কটপভিত্তিক সফট্‌ওয়্যারসমূহকে ওয়েবভিত্তিক করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, নতুন করে যে সকল সফট্‌ওয়্যার তৈরী করা হচ্ছে সেগুলো ওয়েবভিত্তিক প্লাটফর্মে তৈরী করা হচ্ছে। অপর দিকে, ডাটা সেন্টার, সফট্‌ওয়্যার এবং হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশনে অনোনুমোদিত প্রবেশ প্রতিরোধকল্পে একসেস কন্ট্রোল সিস্টেম স্থাপন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক এর গাইডলাইন অনুসারে সাইবার নিরাপত্তা নিশ্চিতকল্পে নেটওয়ার্ক সিকিউরিটি ডিভাইস (ফায়ারওয়াল) স্থাপন করা হয়েছে যা দ্বারা নিয়মিতভাবে নেটওয়ার্ক ট্রাফিক ফিল্টার ও পর্যবেক্ষণ করা হয়। নেটওয়ার্ক সিকিউরিটি ডিভাইসসমূহ আপগ্রেডেশনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। কম্পিউটারসমূহকে ভাইরাস হতে সুরক্ষার জন্য এন্টিভাইরাস (এন্ড পয়েন্ট সিকিউরিটি) ব্যবহৃত হচ্ছে। কম্পিউটার সামগ্রীসমূহ মেরামতের জন্য কর্পোরেশনের একটি আধুনিক সার্ভিসিং সেন্টার রয়েছে।

**অনলাইনে নিয়োগের আবেদনঃ**

নিজস্ব আইসিটি জনবল কর্তৃক সংশ্লিষ্ট সুবিধা সংবলিত একটি পূর্ণাঙ্গ সফট্‌ওয়্যার 'অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেম' তৈরি করা হয়েছে। ফলে সময়ে সময়ে বিভিন্ন পদে নিয়োগের জন্য আবেদনকারীগণ ওয়েবসাইটের মাধ্যমে তাদের আবেদন জমা এবং প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।

**অনলাইন ইনভেস্টরস্‌ সার্ভিসঃ**

বর্তমানে কর্পোরেশনের প্রধান কার্যালয়ে পরিচালিত বিনিয়োগ হিসাবধারীগণকে অনলাইন সেবা প্রদানের জন্য একটি ওয়েবভিত্তিক সফট্‌ওয়্যার তৈরি করা হয়েছে। এ সেবার আওতায় বিনিয়োগ হিসাবধারীগণ তাদের নির্দিষ্ট ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে একটি ওয়েবপেইজে লগইন করে তাদের চাহিদা মোতাবেক আর্থিক, পত্রকোষ ও ক্রয়/বিক্রয় নিশ্চিতকরণ বিবরণী দেখতে ও ডাউনলোড করতে পারবেন। উক্ত ওয়েব পেইজ হতে তারা ক্রয়/বিক্রয় আদেশ দিতে পারবেন এবং প্রয়োজনে নির্দিষ্ট সময়ের মধ্যে তারা আদেশসমূহ সংশোধন ও বাতিল করতে পারবেন। বর্তমানে প্রধান কার্যালয়ের বিনিয়োগ হিসাবধারীগণ এ সুবিধা পাচ্ছেন এবং পর্যায়ক্রমে শাখাসমূহে পরিচালিত বিনিয়োগ হিসাবধারীগণও এ সুবিধা গ্রহণ করতে পারবেন। এছাড়াও, আইসিবি বর্তমানে তার সম্মানিত বিনিয়োগ হিসাবধারীগণকে স্বয়ংক্রিয় এসএমএস/ই-মেইল সার্ভিস এর মাধ্যমে হিসাব সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য/রিপোর্ট সরবরাহের মাধ্যমে সেবা প্রদান করে আসছে।

**ইন্টারনেট/ই-মেইল/ওয়েবসাইট:**

যুগের চাহিদার প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট ও শাখাসমূহকে ইন্টারনেট সুবিধা প্রদানের লক্ষ্যে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। ফলে কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণ প্রয়োজনীয় তথ্যাদি ইন্টারনেটের মাধ্যমে অনুসন্ধান ও ডাউনলোড করতে পারছেন। এছাড়া, কাগজবিহীন দাপ্তরিক কর্মকাণ্ড পরিচালনার প্রথম ধাপ হিসেবে অফিসের সকল অভ্যন্তরীণ চিঠিপত্র সকল ডিভিশন/ডিপার্টমেন্ট ও শাখাসমূহে ই-মেইল এর মাধ্যমে পাঠানো হচ্ছে। হালনাগাদ তথ্য সমৃদ্ধ কর্পোরেশনের ওয়েবসাইট www. icb.gov.bd এর মাধ্যমে দেশে এবং বিদেশে অবস্থানরত আগ্রহী ব্যক্তিগণ আইসিবি সম্পর্কিত সকল তথ্য সংগ্রহ করতে পারেন। ইতোমধ্যে জাতীয় তথ্য বাতায়নে আইসিবির ওয়েবসাইট অর্ন্তভুক্ত করা হয়েছে।

**ই-নথি কার্যক্রম:**

সরকার এবং এটুআই এর সহায়তায় ই-নথি সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে বর্তমানে কর্পোরেশনের সকল ডিপার্টমেন্ট/ডিভিশন এবং শাখাসমূহ ই-নথি সিস্টেম এর মাধ্যমে অধিকাংশ নথি উপস্থাপন ও নিষ্পন্ন করে থাকে। সাবসিডিয়ারি কোম্পানিসমূহে ই-নথি সিস্টেম বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।

**ডিজাস্টার রিকভারী সাইট (ডিআরএস):**

